গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd



স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.১৭

তারিখ: ১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের ছবি ও ভিডিও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ওয়েবলিংক এ আপলোড সংক্রান্ত।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬(অংশ-৩).৯৬৬, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে নজরুল বর্ষ উপলক্ষে দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে প্রস্তুতকৃত নির্দেশিকা সকল বিভাগ, ৫টি সিটি কর্পোরেশন, সকল জেলা ও উপজেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়াও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের জন্য সকল বিভাগ, ৫টি সিটি কর্পোরেশন, সকল জেলা ও সকল উপজেলায় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রেরিত নির্দেশিকার আলোকে ২ সেপ্টেম্বর ২০২৬ থেকে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত প্রতিযোগিতা চলমান রয়েছে। উক্ত সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের ছবি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ওয়েবলিংক https://drive.egovcloud.gov.bd/index.php/s/BZv8r CvmaAwvcW2/authenticate পাসওয়ার্ড: #moca এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসককে এবং সকল উপজেলা নির্বাহী অফিসারকে গত ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। কিন্তু অদ্যাবধি অধিকাংশ জেলা ও উপজেলা উক্ত ওয়েবলিংক এ প্রতিযোগিতা সংশ্লিষ্ট কোন ছবি/ভিডিও আপলোড করেনি যা অনভিপ্রেত এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করার শামিল।

০২। এমতাবস্থায়, পত্র প্রাপ্তির ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে ছবি/ভিডিও আপলোড না করার বিষয়ে ব্যাখ্যা প্রদানসহ ওয়েবলিংক এ প্রতিযোগিতার ছবি/ভিডিও আপলোডপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এছাড়া প্রতিযোগিতার প্রতিটি বিষয়ে প্রথম স্থান অধিকারকারী প্রতিযোগীর পরিবেশনার একটি সংক্ষিপ্ত ভিডিও ওয়েবলিংক এ ক্যাপশনসহ আপলোড করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৭-১০-২০২৬
মৌসুমী সরকার রাখী
উপসচিব
ফোন : +৮৮-০২-৯৫১৪১৬০
ফ্যাক্স : +৮৮-০২-৯৫৭৬৫৩৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল জেলা প্রশাসক।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১২৪.২৩.০২৪৪.২৬.১৭/১ (৮)

তারিখ: ১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সকল বিভাগীয় কমিশনার।
৩। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (বিভাগের দায়িত্বপ্রাপ্ত যুগ্মসচিবগণ বর্ণিত ওয়েবলিংক এ ছবি/ভিডিও আপলোডের বিষয়টি তদারকি করবেন)।
৪। মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৮। ব্যক্তিগত কর্মকর্তা , অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

১৭-১০-২০২৬
মৌসুমী সরকার রাখী
উপসচিব